

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
১/আই পরিবাগ, শাহবাগ, ঢাকা
www.hindustrust.gov.bd

নং- ১৬.০৫.০০০০.০০৫.০৬.৬১৮.১৭.৩৪৭

তারিখ:

২৯.০২.১৪২৬ বঙ্গাব্দ
১২.০৬.২০১৯ খ্রিস্টাব্দ


বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনায় তীর্থভ্রমণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। আগামী ১৯.০৬.২০১৯ তারিখ বুধবার ৫০ জনের একটি তীর্থযাত্রীর দল সড়ক পথে শীতাতাপ নিয়ন্ত্রিত বাস/মাইক্রোবাসে বাংলাদেশের উল্লেখযোগ্য তীর্থক্ষেত্র লাঙ্গলবন্দ এবং শ্রীশ্রী লোকনাথ ব্রহ্মচারীর আশ্রম, বারুদীসহ ঐ এলাকাসমূহের উল্লেখযোগ্য ধর্মীয় প্রতিষ্ঠান দর্শন করা হবে। তীর্থযাত্রায় আগ্রহীদের আবেদন করার জন্য অনুরোধ করা হল। হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের ওয়েব সাইট www.hindustrust.gov.bd তে তীর্থযাত্রার আবেদন ফরম পাওয়া যাবে। তীর্থযাত্রার আবেদন ফরম জমার শেষ তারিখ: ১৬.০৬.২০১৯ খ্রিস্টাব্দ রবিবার বিকাল ৫.০০ ঘটিকা।

যোগাযোগ:-	তীর্থভ্রমণ সূচি:-
৯৬৭৭৪৪৯(অ.) ০১৫৫৬৪৬৪৯৮৯	১৯.০৬.২০১৯ বুধবার সকাল ৮.০০টায় হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্টের অফিস থেকে লাঙ্গলবন্দে গমন। লাঙ্গলবন্দ দর্শন ও তীর্থস্নান সম্পন্নান্তে বারুদী শ্রীশ্রী লোকনাথ ব্রহ্মচারী আশ্রমে গমন। আশ্রমে পূজা, দর্শন ও প্রসাদ গ্রহণ (মধ্যাহ্ন)। স্থানীয় ধর্মীয় প্রতিষ্ঠান দর্শন শেষে সন্ধ্যায় ঢাকায় প্রত্যাবর্তন।
৯৬৬৮০৪৫(অ.) ০১৭১৬৫০২১৫৯	

শর্তাবলি:

- * এ ভ্রমণের জন্য প্রত্যেক তীর্থযাত্রীকে আবেদনের সাথে ট্রাস্ট কার্যালয়ে ৩০০/- (তিন শত) টাকা জমা দিতে হবে। উল্লেখ্য, তীর্থযাত্রায় খরচের ৫০% ট্রাস্ট কর্তৃপক্ষ বহন করবে।
- * ধূমপানসহ নেশা জাতীয় কিছু গ্রহণকারীর আবেদন করার দরকার নেই।
- * তীর্থযাত্রী নির্বাচন করার চূড়ান্ত ক্ষমতা ট্রাস্ট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



(প্রশান্ত কুমার বিশ্বাস)

উপপরিচালক ও সদস্য-সচিব

তীর্থভ্রমণ উপ-কমিটি, হিন্দুধর্মীয় কল্যাণ ট্রাস্ট

hindustrustbd@ymail.com